**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 30-03-2026** **Time:- 1-30 PM**

**<u>বিশেষ বিশেষ খবর ঃ-</u>**

১/ পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের প্রথম দফা এবং তামিলনাড়ু বিধানসভা নির্বাচনে একমাত্র দফার ভোট গ্রহণের জন্য বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গে, মনোনয়ন পত্র জমা দেওয়ার কাজ'ও শুরু হয়ে গেছে। **#৬'ই এপ্রিল** পর্যন্ত মনোনয়ন জমা দেওয়া যাবে।

২/ নির্বাচন কমিশন, পশ্চিমবঙ্গের বিধানসভা ভোটের প্রেক্ষিতে ১৭০টি থানার ওসি,৮৩ জন বিডিও ও ARO-কে বদলী করেছে।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মেরা বুথ সবসে মজবুত কর্মসূচীর আওতায় অসম ও পুদুচেরীর দলীয় কর্মীদের উদ্দেশ্যে ভাষণ দেবেন।

৪/ বিহারের মুখ্যমন্ত্রী JDU সভাপতি নীতিশ কুমার, রাজ্যসভার সংসদ নির্বাচিত হবার পর আজ বিধান পরিষদ থেকে ইস্তফা দিয়েছেন।

৫/ বিশ্ব অর্থনীতির অনিশ্চয়তার মধ্যেও ভারতের আর্থিক ভিত যথেষ্ট মজবুত বলে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামণ সংসদে জানিয়েছেন।

৬/ IPL ক্রিকেটে আজ রাজস্হান রয়্যালস্, চেন্নাই সুপার কিংস-এর বিরুদ্ধে খেলবে।

*****************************************************************

পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনের প্রথম দফা এবং তামিলনাড়ু বিধানসভা নির্বাচনে একমাত্র দফার ভোট গ্রহণের জন্য নির্বাচন কমিশন আজ বিজ্ঞপ্তি জারি করেছে। এই বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গে মনোনয়নপত্র জমা দেওয়ার কাজও শুরু হয়ে গেছে।

পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে প্রথম দফায় ১৫২-টি আসনের জন্য এবং তামিলনাড়ু বিধানসভা নির্বাচনে ২৩৪-টি আসনের জন্য আগামী ২৩-শে এপ্রিল ভোট নেওয়া হবে। এজন্য ৬-ই এপ্রিল পর্যন্ত মনোনয়নপত্র জমা দেওয়া যাবে। পরদিন সেগুলি পরীক্ষা করে দেখা হবে। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষদিন ৯-ই এপ্রিল।

*****************************************************************

তামিলনাড়ু বিধানসভা নির্বাচনে রাজনৈতিক সমীকরণ এবার অত্যন্ত আকর্ষণীয় হয়ে দাঁড়িয়েছে। রাজনৈতিক মহলের মতে, এবার রাজ্যে মূলত পঞ্চমুখী লড়াই হতে চলেছে। লড়াইয়ের ময়দানে রয়েছে এআইএডিএমকে-র নেতৃত্বাধীন এনডিএ (NDA) জোট এবং ডিএমকে-র নেতৃত্বাধীন ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক জোট।

তবে এবারের নির্বাচনে বড় চমক হিসেবে আত্মপ্রকাশ করছেন অভিনেতা-রাজনীতিবিদ বিজয় এবং তাঁর দল তামিলাগা ভেট্রি কাজাগাম (TVK)। এছাড়াও ময়দানে রয়েছেন অভিনেতা-রাজনীতিবিদ সীমানের দল নাম তামিঝার কাচ্চি (NTK)। আইনি বাধার কারণে শশীকলা নিজে নির্বাচনে লড়তে না পারলেও তাঁর নবগঠিত দল 'অল ইন্ডিয়া পুরাতচি থালাইভার মক্কাল মুন্নেত্র কাজাগাম' ভোটের ময়দানে রয়েছে।

*****************************************************************

নির্বাচন কমিশন ভবানীপুর, নন্দীগ্রাম সহ পশ্চিমবঙ্গের মোট ১৭০টি থানার ওসি-কে সরিয়ে দিয়েছে। এছাড়াও উচ্চপদস্থ ১১ জন আধিকারিক-সহ মোট ১৮৪ জন পুলিশ আধিকারিকের বদলি ও পুনর্বিন্যাসে অনুমোদন দিয়েছে কমিশন। মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের সুপারিশের ভিত্তিতেই এই রদবদল কার্যকর হয়েছে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে। কোচবিহার, আলিপুরদুয়ার, মালদহ, মুর্শিদাবাদ, উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, হাওড়া, হুগলি, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর-সহ একাধিক জেলায় থানার দায়িত্বে পরিবর্তন আনা হয়েছে। কলকাতা পুলিশ এলাকাতেও একাধিক থানার ওসি বদল করা হয়েছে, যার মধ্যে ভবানীপুরও রয়েছে। নন্দীগ্রাম, খেজুরি, চণ্ডীপুরের মতো রাজনৈতিকভাবে স্পর্শকাতর এলাকাতেও নতুন করে দায়িত্ব দেওয়া হয়েছে অন্য আধিকারিকদের। নির্বাচনকে কেন্দ্র করে আইনশৃঙ্খলা কঠোরভাবে নিয়ন্ত্রণ এবং ভোট প্রক্রিয়ায় নিরপেক্ষতা বজায় রাখতেই এই ব্যাপক রদবদল বলে কমিশন সূত্রে খবর।

*****************************************************************

প্রধানমন্ত্রী এবং বরিষ্ঠ বিজেপি নেতা নরেন্দ্র মোদি  আজ ‘মেরা বুথ সবসে মজবুত'সংবাদ কর্মসূচির মাধ্যমে নমো অ্যাপে-এ অসম ও পুদুচেরির দলীয় কর্মীদের উদ্দেশে বক্তব্য রাখবেন।

একটি সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী মোদি বলেন, গত এক দশকে অসমের উন্নয়ন সকলের চোখে পড়ার মতো, এবং বিভিন্ন ক্ষেত্রে এই রাজ্য উন্নয়নের জন্য পরিচিত হয়ে উঠেছে। তিনি আরও উল্লেখ করেন যে, এই উন্নয়নমূলক কাজের ফলে জনগণ আরও পাঁচ বছরের জন্য ডাবল-ইঞ্জিন এনডিএ সরকারকে সমর্থন করতে প্রস্তুত।

অন্য একটি পোস্টে শ্রী মোদি জানান, গত পাঁচ বছরে পুদুচেরির জনগণের আকাঙ্ক্ষা পূরণ করেছে ডাবল-ইঞ্জিন এনডিএ সরকার। তিনি পুদুচেরির দলীয় কর্মীদের সঙ্গে যোগাযোগ করতে পেরে উচ্ছ্বাস প্রকাশ করেছেন।

*****************************************************************

বিহারের মুখ্যমন্ত্রী JDU সভাপতি নীতিশ কুমার, রাজ্য বিধান পরিষদ থেকে ইস্তফা দিয়েছেন। সম্প্রতি রাজ্যসভার সদস্য নির্বাচিত হওয়ার পর সাংবিধানিক সংস্থান অনুযায়ী, বিধান পরিষদ থেকে তাঁর এই ইস্তফা। JDU বিধায়ক সঞ্জয় গান্ধী, নীতিশ কুমারের পদত্যাগের চিঠি বিধান পরিষদের চেয়ারম্যানের কাছে জমা দিয়েছেন। মুখ্যমন্ত্রীর পদ থেকে সরকারিভাবে ইস্তফার ঘোষণা, শীঘ্রই করা হবে বলে জানা গেছে।

উল্লেখ্য, নীতিশ কুমার, এমাসের ১৬ তারিখে বিনা প্রতিদ্বন্দ্বিতায় সংসদের উচ্চকক্ষে নির্বাচত হন।

অন্যদিকে, বিজেপির জাতীয় সভাপতি এবং রাজ্যসভার নবনির্বাচিত সাংসদ নীতিন নবীন, বিহার বিধান পরিষদ থেকে আজই ইস্তফা দিয়েছেন।

*******************************************************************

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামণ আজ সংসদে, ভারতীয় অর্থনীতির শক্তি এবং টাকার মূল্যমানের বিষয়ে দৃঢ়ভাবে জানিয়েছেন, বিশ্বের অনিশ্চয়তার মধ্যেও ভারতীয় অর্থনীতির ভিত অত্যন্ত মজবুত। টাকার মূল্য'ও বাজারের সাহায্যে পরিচালিত হচ্ছে।

লোকসভায় টাকার মূল্যমান নিয়ে এক প্রশ্নের উত্তরে শ্রীমতী সীতারামণ বলেন, বিশ্ব জুড়েই বিভিন্ন দেশের মুদ্রার ওঠাপড়া চলছে। এর মধ্যেও ভারতে মুদ্রাস্ফীতি হ্রাস পেয়েছে। GDP-র বিকাশ হার সাত শতাংশের ওপরে রয়েছে এবং চলতি খাতে ঘাটতিও এক শতাংশের নীচে। ডলারের তুলনায় ভারতীয় মুদ্রার মূল্যমান নেমে আসার সমস্যা, শুধু ভারতে'ই নয়, বিশ্ব জুড়েই এই অবস্থা লক্ষ্য করা যাচ্ছে।

*******************************************************************

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামণ বলেছেন, দেশের ব্যাঙ্কিং ব্যবস্থা এক কঠোর আইনী ও নিয়ন্ত্রক কাঠামোর মধ্যে কাজ করে, গ্রাহকদের তথ্যের সুরক্ষা ও গোপনীয়তা সুনিশ্চিত করাই যার অন্যতম লক্ষ্য।

আজ লোকসভায় প্রশ্নোত্তরকালে এক অতিরিক্ত প্রশ্নের উত্তরে বলেন, রিজার্ভ ব্যাঙ্ক KYC-র যে নির্দেশিকা জারি করেছে, তার আওতায় ব্যাঙ্কগুলিকে গ্রাহক তথ্যের নিরাপত্তা বজায় রাখতেই হবে। ব্যাঙ্কগুলিকে এসম্পর্কে পাঁচটি ভিন্ন ভিন্ন আইন মেনে চলতে হয়।

মন্ত্রী আরো বলেন, প্রয়োজনের ভিত্তিতেই গ্রাহকদের কাছজ থেকে তথ্য সংগ্রহ করা হয় এবং প্রয়োজন পড়লেই একমাত্র কর্তৃপক্ষের কাছে তা' পাঠানো হয়ে থাকে। এই গোপন তথ্য যদি বেআইনিভাবে কাউকে দেওয়া হয় বা তা' নিয়ে জালিয়াতি হয়, তাহলে রিজার্ভ ব্যাঙ্ক বা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানালে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়ে থাকে।

*******************************************************************

জনগণনা ২০২৭ এর প্রক্রিয়া আগামী মাসের পয়লা তারিখ থেকে শুরু হচ্ছে। এটি দেশের ১৬ তম এবং স্বাধীনতার পর অষ্টম জনগণনা। জনগণনা কমিশনার ও রেজিস্ট্রার জেনারেল মৃত্যুঞ্জয় কুমার নারায়ণ আজ সাংবাদিক বৈঠকে জানান, নির্দিষ্ট সময়সীমায় মধ্যে শেষ করা হবে। পয়লা এপ্রিল থেকে ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত ৩০ দিনের মধ্যে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে বাড়ি বাড়ি গিয়ে গণনার কাজ চলবে। এই জনগণনায় নিজে থেকে ফর্ম পূরণ করা যাবে। এর সময়সীমা ১৫ দিন।

জনগণনার ওয়েব পোর্টালে এই ফর্মটি ১৬ টি ভাষায় পাওয়া যাবে বলেও জানান কমিশনার।

*****************************************************************

বিশ্বজুড়ে জ্বালানি সংকটের আবহে দেশের ২১টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে গণবন্টন ব্যবস্থার মাধ্যমে উন্নতমানের কেরোসিন তেল সরবরাহের অনুমতি দিয়েছে কেন্দ্র। রান্নার কাজে এবং আলো জ্বালানোর প্রয়োজনে এই বিশেষ ব্যবস্থা নেওয়া হয়েছে। দিল্লি, উত্তরপ্রদেশ, গুজরাট এবং রাজস্থানসহ মোট ২১টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে এখন থেকে এই সুপিরিয়র কেরোসিন অয়েল বা উন্নতমানের কেরোসিন বিতরণ করা যাবে। বিশেষত যে সমস্ত এলাকাকে এর আগে 'কেরোসিন-মুক্ত' ঘোষণা করা হয়েছিল, সেখানেও গৃহস্থালির প্রয়োজনে এই তেল ব্যবহারের অনুমতি দেওয়া হয়েছে। বিজ্ঞপ্তি অনুযায়ী, প্রতিটি জেলায় সর্বোচ্চ দুটি পেট্রোল পাম্পকে ৫,০০০ লিটার পর্যন্ত কেরোসিন মজুত ও বিতরণের দায়িত্ব দেওয়া হতে পারে। সরকারি তেল সংস্থাগুলির নিজস্ব আউটলেট বা পাম্পগুলোকে এক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে।

*****************************************************************

পশ্চিম এশিয়ার ক্রমবর্ধমান উত্তেজনার মধ্যে দেশের শেয়ার বাজার আজ অনেকটাই নীচু অঙ্কের সূচক দিয়ে শুরু হয়। শুরুতে সেনসেক্স ছিল ৭২ হাজার ৫৬৫- যা এক হাজার পয়েন্টেরও কম। শুরুতে নিফটিও ২৬৭ পয়েন্ট নীচে নেমে ২২ হাজার ৫৪৯ পয়েন্ট থেকে শুরু হয়।

অন্যদিকে, বিশ্ব তেল বাজারে ব্রেইন্ট ক্রুড ১১৬ দশমিক সাত ডলারে পৌঁছে যায়। গত ৫২ সপ্তাহের মধ্যে যা সর্বোচ্চ। এশীয় বাজারের অন্যান্য দেশগুলির মধ্যে জাপানের নিক্কেই প্রায় ৪ শতাংশ, হংকং-এর হ্যাংসেং ১ শতাংশেরও বেশি এবং দক্ষিণ কোরিয়ার কোসপি প্রায় ৩ শতাংশ নেমে গেছে।

*****************************************************************

সর্বভারতীয় জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার দ্বিতীয় সেশনের অ্যাডমিট কার্ড প্রকাশিত হয়েছে। ন্যাশনাল টেস্টিং এজেন্সি জানিয়েছে, ২রা ও ৪ঠা এপ্রিলের পরীক্ষার জন্য অ্যাডমিট দেওয়া শুরু হয়েছে। jeemain.nta.nic.in ওয়েবসাইট থেকে অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন পরীক্ষার্থীরা। ওই দু'দিন BE ও B.Tech এর প্রথম পত্রের পরীক্ষা রয়েছে। দেশের বিভিন্ন শহরে এবং বিদেশের ১৫ টি শহরে এই পরীক্ষা হবে।

*****************************************************************

পশ্চিম এশিয়ার ক্রমবর্ধমান উত্তেজনার মধ্যে দেশের শেয়ার বাজার আজ অনেকটাই নীচু অঙ্কের সূচক দিয়ে শুরু হয়। শুরুতে সেনসেক্স ছিল ৭২ হাজার ৫৬৫- যা এক হাজার পয়েন্টেরও কম। শুরুতে নিফটিও ২৬৭ পয়েন্ট নীচে নেমে ২২ হাজার ৫৪৯ পয়েন্ট থেকে শুরু হয়।

অন্যদিকে, বিশ্ব তেল বাজারে ব্রেইন্ট ক্রুড ১১৬ দশমিক সাত ডলারে পৌঁছে যায়। গত ৫২ সপ্তাহের মধ্যে যা সর্বোচ্চ। এশীয় বাজারের অন্যান্য দেশগুলির মধ্যে জাপানের নিক্কেই প্রায় ৪ শতাংশ, হংকং-এর হ্যাংসেং ১ শতাংশেরও বেশি এবং দক্ষিণ কোরিয়ার কোসপি প্রায় ৩ শতাংশ নেমে গেছে।

*****************************************************************

নেপালের প্রাক্তন প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলি-কে কাঠমান্ডু জেলা আদালত পাঁচ দিনের জন্য বিচার বিভাগীয় হেফাজতে পাঠিয়েছে।

গত বছর সেপ্টেম্বর মাসে নেপালে জেন্-জি্ আন্দোলন দমনের অভিযোগে শ্রী ওলি এবং প্রাক্তন স্বরাষ্ট্র মন্ত্রী রমেশ লেখককে গত শনিবার গ্রেপ্তার করা হয়।

বলেন্দ্র শা-র নেতৃত্বে নতুন সরকার ক্ষমতায় আসার একদিন পরেই, প্রাক্তন প্রধানমন্ত্রী ও স্বরাষ্ট্রমন্ত্রী-কে গ্রেপ্তার করা হয়।

*****************************************************************

আধাসামরিক বাহিনী র‍্যাপিড সাপোর্ট ফোর্সেস এবং তাদের সহযোগী বিদ্রোহীদের হামলায় সুদানের কর্দোফান প্রদেশে অন্তত ১৪ জন নিহত হয়েছে, যাদের মধ্যে পাঁচজন শিশু এবং দুইজন নারী রয়েছে। আহত হয়েছে, অন্তত ২৩ জন যার মধ্যে রয়েছে সাতজন শিশু। যুদ্ধ পর্যবেক্ষণকারী সুদান ডক্টরস নেটওয়ার্ক এই খবর জানিয়েছে।

প্রসঙ্গত উল্লেখ্য ২০২৩ সালের এপ্রিল থেকে সুদানে সংঘাত চলছে।সেসময় খার্তুমে সামরিক বাহিনী এবং RSF-এর মধ্যে ক্ষমতার লড়াই প্রকাশ্য যুদ্ধের রূপ নেয়। জাতিসংঘের তথ্য অনুযায়ী,এই ঘটনায় ইতিমধ্যে ৪০,০০০-এর বেশি মানুষ নিহত হয়েছে।

*****************************************************************

ভারতীয় আবহাওয়া দপ্তর আজ দিল্লি, চণ্ডীগড়, হরিয়ানা, পূর্ব রাজস্থান, হিমাচল প্রদেশ, মধ্য মহারাষ্ট্র, পাঞ্জাব এবং উত্তরাখণ্ডে বজ্রসহ ঝড় ও শিলাবৃষ্টির সম্ভাবনায় কমলা সতর্কতা জারি করেছে। আবহাওয়া দপ্তর-এর মতে, আজ মারাঠওয়াড়া এবং পশ্চিম মধ্যপ্রদেশেও একই ধরনের আবহাওয়া পরিস্থিতি বজায় থাকবে।

আজ জম্মু ও কাশ্মীর, লাদাখ, অসম, মেঘালয়, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম এবং ত্রিপুরার কিছু কিছু জায়গায় ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর ।

এছাড়াও, আগামী দুই দিনে অরুণাচল প্রদেশ, কেরল এবং মাহেতে বজ্রপাতসহ ঝড়ের সম্ভাবনার কথা জানানো হয়েছে।

*******************************************************************

IPL ক্রিকেটে আজ রাজস্থান রয়ালস্ গুয়াহাটির বর্ষাপারা স্টেডিয়ামে  সন্ধ্যা ৭টা ৩০ মিনিটে চেন্নাই সুপার কিংস-এর মুখোমুখি হবে। অন্যদিকে মুম্বইয়ের ওয়াংখেড়ে স্টেডিয়ামে গতকাল আইপিএল এর ম্যাচে কলকাতা নাইটরাইডার্স, মুম্বই ইন্ডিয়ান্স এর কাছে ৬ উইকেটে পরাজিত হয়েছে। প্রথমে ব্যাট করে নাইট রাইডার্স ২০ ওভারে ৪ উইকেটে ২২০ রান তোলে। জবাবে ব্যাট করতে নেমে মুম্বই চার উইকেট হারিয়ে পাচঁ বল বাকি থাকতে লক্ষ্যে পৌঁছে যায়। কেকেআর আগামী বৃহস্পতিবার ইডেনে পরবর্তী ম্যাচে সানরাইজার্স হায়দ্রাবাদের বিরুদ্ধে খেলবে।

*******************************************************************

মঙ্গোলিয়ার উলানবাতোরে এশিয়ান চ্যাম্পিয়ানশিপে ভারতীয় বক্সাররা আজ প্রতিযোগিতায় অংশ নেবেন। বক্সিং ফেডারেশন অফ ইন্ডিয়া জানিয়েছে, নিখাত জারিন, লভলিনা বড়গোহাই, জ্যাসমিন লাম্বোরিয়া, অঙ্কুশিতা চৌধুরী এবং আলফিয়া পাটাহন  রিং এ নামছেন।

*******************************************************************